গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারকনং-১৬.০০.০০০০.০২২.৩৪.০০২.২১-৪১৪

তারিখ: ০৩ আশ্বিন ১৪৩২ / ১৮ সেপ্টেম্বর ২০২৫

বিষয়: ১৪৪৭ হিজরি (২০২৫-২০২৬) সনে পবিত্র ওমরাহ পরিচালনার জন্য অনুমোদিত ওমরাহ এজেন্সির ৩য় তালিকা প্রকাশ।

১৪৪৭ হিজরি (২০২৫-২০২৬) সনে ওমরাহ কার্যক্রমে অংশগ্রহণের প্রয়োজনীয় যোগ্যতা থাকায় নিম্নবর্ণিত ০৭ টি ওমরাহ এজেন্সিকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে ওমরাহ কার্যক্রমের অনুমতি প্রদান করা হলো:

ক্র.নং	ওমরাহ লাইসেন্স নং	ওমরাহ এজেন্সির নাম
1.	**241**	K.S.P Travels. 99, Motihjeel C/A, (Karim Chamber), Dhaka-1000
2.	**298**	Dahmashi Tours & Travels Ltd. Taj Casalina, Flat#D4, Plot#Sw(1)4, 25, Gulshan Avenue, Gulshan, Dhaka
3.	**403**	Mother Aviation & Tourism, Mahtab Centre (8th Floor), 177 Shahid Syed Nazrul Islam Shorony, Bijoynagar, Dhaka-1000.
4.	**430**	Sayed aviation services. Sabbir tower, ¾-a, purana paltan, dhaka.
5.	**458**	Anika aviation. 66/a, naya paltan (8th floor), shama office complex, dhaka.
6.	**475**	Abrar Tours & travels. A Sister Concern of Akij Gourp Akij Chamber (9th floor) 73 Dilkusha C/A, Dhaka-1000
7.	**526**	S.K. Travels International. 50, Nayapaltan Eastern View, D.I.T. Extension Road (1st Floor), Room No. 1-9, Palton Dhaka-1000.

শর্তাবলী:

(ক) ধর্মবিষয়ক মন্ত্রণালয় সুষ্ঠু ওমরাহ ব্যবস্থাপনা পরিচালনার সুবিধার্থে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও রাজকীয় সৌদি সরকারের মধ্যে সম্পাদিত চুক্তি বা সমঝোতা স্মারকের সহিত সামঞ্জস্য রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

(খ) ওমরাহ এজেন্সিসমূহ সরকার অনুমোদিত নির্দিষ্টকৃত কোটা অর্থাৎ ১০০০ (এক হাজার) জন ওমরাহযাত্রীর অতিরিক্ত প্রেরণ করতে পারবে না।

(গ) ওমরাহ কার্যক্রমের জন্য সকল এজেন্সির একটি মাত্র নির্ধারিত ব্যাংক হিসাব থাকবে। উক্ত হিসাবের মাধ্যমে এজেন্সির **IBAN** হিসাবে প্রেরণ করতে হবে এবং নির্ধারিত ব্যাংক হিসাব এর তথ্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে।

(ঘ) ওমরাহ এজেন্সি উহার সহিত চুক্তিভুক্ত ওমরাহযাত্রীদের পাসপোর্ট সংরক্ষণও বহন করতে পারবে।

(ঙ) ওমরাহ এজেন্সি কর্তৃক সৌদি আরবে ওমরাহযাত্রী প্রেরণের পূর্বে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা-২০২২ এর ফরম-৬ অনুযায়ী ওমরাহযাত্রীদের তথ্যাদি আবশ্যিকভাবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও কাউন্সেলর (হজ), হজ অফিস, জেদ্দা, সৌদি আরব এর নিকট দাখিল করতে হবে।

(চ) ওমরাহ এজেন্সি সরকারের অনুমোদন ব্যতীত নির্ধারিত কোটার অতিরিক্ত ওমরাহযাত্রী প্রেরণ করিলে বিধি ৩৫ অনুযায়ী অনিয়ম ও অসদাচরণ হিসেবে গণ্য হইবে।

(ছ) ওমরাহ এজেন্সির বিরুদ্ধে ওমরাহ সংশ্লিষ্ট কোনো বিষয়ে অভিযোগ উত্থাপিত হইলে উহা আইন ও এই বিধিমালা অনুযায়ী নিষ্পত্তিযোগ্য হইবে।

(জ) ওমরাহ এজেন্সিকে বাংলাদেশ সরকার ও রাজকীয় সৌদি সরকারের ওমরাহ সংক্রান্ত যাবতীয় নিয়ম ও পদ্ধতি যথাযথভাবে মানিয়া চলিতে হইবে।

(ঝ) ওমরাহ এজেন্সি ওমরাহ প্রসেসিং ফি ও প্রদেয় সকল সেবার ব্যয় বিবরণী উল্লেখপূর্বক বিভিন্ন ক্যাটাগরির ওমরাহ প্যাকেজ ঘোষণা করিবে।

CamScanner

(ঞ) ওমরায় প্রেরণের জন্য ওমরাহযাত্রীদের সাথে চুক্তি সম্পাদন এবং সে অনুযায়ী যথাসময়ে ওমরায় প্রেরণ, যথাযথ সেবা প্রদান এবং যথাসময়ে দেশে ফেরত আনতে হবে। ১৫ শাওয়াল ১৪৪৭ হিজরি এর মধ্যে প্রেরিত ওমরাহযাত্রী এবং ফেরত আসা ওমরাহযাত্রীর বিস্তারিত প্রতিবেদন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ-৩ (ওমরাহ) শাখায় দাখিল করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সি পরবর্তী বছরের জন্য বৈধ তালিকায় অন্তর্ভুক্তির অযোগ্য বলে বিবেচিত হবে এবং হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ট) ওমরাহএজেন্সি কর্তৃক কোনো ওমরাহযাত্রীকে যথাসময়ে দেশে ফেরত আনা না গেলে তার ফেরত আসার তারিখের ১ মাসের মধ্যেই নাম, ঠিকানা, পাসপোর্ট নম্বর এবং ফেরত না আসার বিস্তারিত কারণধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর এবং কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা বরাবর দাখিল করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সি বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঠ) তালিকা প্রকাশের পর কোন ওমরাহ এজেন্সির প্রদত্ত তথ্য ভুল বা অসত্য প্রমাণিত হলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কোন কারণ দর্শানো ব্যতিত সংশ্লিষ্ট এজেন্সির তালিকা বাতিলের অধিকার সংরক্ষণ করে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ তালিকা প্রকাশ করা হলো।

১৮/০৯/২০২৫

মো: তফিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮০২-৫৫১০০৮৯৯
morahajsection@gmail.com

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার
..... ওমরাহ এজেন্সি।

স্মারকনং-১৬.০০.০০০০.০২২.৩৪.০০২.২১-৪১৪

তারিখ: ০৩ আশ্বিন ১৪৩২ / ১৮ সেপ্টেম্বর ২০২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, বা/এ, ঢাকা।
৩. সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৭. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, গুলশান-২, ঢাকা।
৮. উপদেষ্টার একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৯. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব (পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
১০. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা (পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
১১. সচিবের একান্ত সচিব (উপসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তালিকাটি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mora.gov.bd তে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৩. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা (সংশ্লিষ্ট সকল এজেন্সীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
১৪. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা (তালিকাটি হজের ওয়েবসাইট www.hajj.gov.bdতে প্রকাশের অনুরোধসহ)।
১৫. অফিস কপি।

১৮/০৯/২০২৫

মো: তফিকুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব

CamScanner